

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইট : [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-৩০১

তারিখ : ০৯/০৪/২০১৭খ্রিঃ


বিষয় : নিবন্ধন সনদ ভূয়া/জালিয়াতি সংক্রান্ত।

- সূত্র : ১। স্মারক নং ৩৭.০৩.০০০০.০৯২.২০১৬-৬৭৮ তারিখঃ ১৫/১২/২০১৬খ্রিঃ  
২। স্মারক নং-বেশিনিক/শি.শি./সনদ যাচাই(সকল)/৬২১/২০১৭/০৯ তারিখঃ ২৪/০১/২০১৭খ্রিঃ  
৩। স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯২.৩১.১৭-২০০ তারিখঃ ০৬/০৩/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বেসরকারি শিক্ষকদের এমপিও ভুক্তির জন্য কিছু প্রতিষ্ঠানের শিক্ষকের এমপিও আবেদন অত্র দপ্তরে পাওয়া যায়। এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সূত্রস্থ ১নং স্মারক অনুযায়ী তাঁদের নিবন্ধন সনদ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক যাচাইয়ের জন্য প্রেরণ করা হয়।

- ২। NTRCA সূত্রস্থ ২নং স্মারক মূলে বর্ণিত প্রতিষ্ঠানের নামের পার্শ্বে উল্লিখিত প্রভাষকগণের নিবন্ধন সনদ ভূয়া/জাল/সঠিক নয় মর্মে প্রত্যয়ন দেন।  
৩। ২০১০ জনবল কাঠামো (মার্চ/২০১৩ পর্যন্ত) সংশোধিত ১৮(১) (ঘ) ধারা মোতাবেক এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতিত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এমপিও এর জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে মর্মে-উল্লেখ রয়েছে।  
৪। এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল নিবন্ধন সনদ প্রেরণ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, জনবল কাঠামো ১৮(১) (ঘ) ধারার শর্ত ভঙ্গ করেছেন।  
৫। নিম্নে বর্ণিত প্রতিষ্ঠানের নামের পার্শ্বে উল্লিখিত প্রভাষকগণের এমপিও ভুক্তির আবেদনে নিবন্ধন সনদ ভূয়া/জাল/সঠিক না হওয়ায় এবং এমপিও সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদির সঠিকতা যাচাই করে নিশ্চিত হওয়ার বিষয়ে অত্র দপ্তর সূত্রস্থ ৩নং স্মারক মূলে পত্র প্রেরণ করা হয়। এ সংক্রান্ত পত্রের বিষয়ে তিনি নির্ধারিত তারিখে উপস্থিত থেকে যাচাইকাজে কোন সহযোগিতা করেননি। যা অসদাচরণের সামিল।  
৬। এমতাবস্থায়, নিম্ন বর্ণিত তালিকায় প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতার সরকারী অংশ স্থগিতকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কেন ফৌজদারী কার্যবিধির আওতায় মামলা করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে অত্র দপ্তরে উপযুক্ত প্রমানকসহ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হল।

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	সনদ প্রাপ্ত শিক্ষকের নাম ও পিতার নাম	পদবী ও বিষয়	NTRCA এর মন্তব্য
১	শহীদ মনসুর আলী কারিগরি ও বাণিজ্যিক কলেজ, কাজিপুর, সিরাজগঞ্জ	Md. Zahurul Islam পিতাঃ Mohammad Ali	Lecturer (Banking)	সনদ সঠিক নয়
২	তালুক হাবু টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, রংপুর	মোঃ আব্দুল মোতালেব পিতাঃ মোঃ মোস্তফা কামাল	প্রভাষক (সেক্রেটারিয়াল সায়েন্স)	সনদ সঠিক নয়
৩	লাইট হাউজ টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ, বেলকুচি, সিরাজগঞ্জ	মোছাঃ আকিদা সুলতানা পিতাঃ খঃ মঃ আজিজুল রহমান	প্রভাষক (ব্যবস্থাপনা)	সনদ সঠিক নয়
৪	সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, আত্রাই, নওগাঁ	মোঃ আব্দুল করিম পিতাঃ মোঃ কিসমত আলী	প্রভাষক (সেক্রেটারিয়াল সায়েন্স)	সনদ সঠিক নয়
৫	চৌরঙ্গী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ঠাকুরগাঁও	Md. Robiul Islam পিতাঃ Md. Poijer Ali	Lecturer (Computer Operation)	সনদ সঠিক নয়
৬	নন্দীপুর কারিগরি ও বাণিজ্যিক কলেজ, নেত্রকোনা	SUMI SULTANA পিতাঃ Md. ABUL HOSEN TALUKDER	Lecturer (Secretarial Science)	সনদ সঠিক নয়

  
(ড. মোঃ নুরুল ইসলাম)  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক :

অধ্যক্ষ


সংশ্লিষ্ট প্রতিষ্ঠান

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-৩০১(০৭)

তারিখঃ ০৯/০৪/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ/ রংপুর/ নওগাঁ/ ঠাকুরগাঁও/নেত্রকোনা।  
২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
৩। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ/ রংপুর/ নওগাঁ/ ঠাকুরগাঁও/নেত্রকোনা।  
৪। সভাপতি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।  
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।  
৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।  
৭। সংরক্ষণ নথি।

  
(মোহাম্মদ আতিকুর রহমান)  
সহকারী পরিচালক (এমপিও)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।